Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল/হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/৪৮৪

তারিখঃ ১৯ কার্তিক ১৪৩২
০৪ নভেম্বর ২০২৫

**অতীব জরুরী**

প্রাপক:
**সম্মানিত সদস্য (সকল)**
বায়রা।

**বিষয়ঃ বায়রা'র বার্ষিক চাঁদার হার ২,০০০/- টাকার পরিবর্তে ৫,০০০/- টাকা নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: বাণিজ্য মন্ত্রণালয়ের এস.আর.ও. নং ১৪৪-আইন/২০২৫, তারিখ: ০৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ১৯ মে ২০২৫ খ্রি.

**মহোদয়,**

আস্-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের জারীকৃত 'বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫' মোতাবেক:-

(১) বিধি-**১৪(১)(ক)** অনুযায়ী বায়রা একটি 'ক-শ্রেণীভুক্ত' এসোসিয়েশন;

(২) বিধি-**১৪(৩)** অনুযায়ী 'ক-শ্রেণীভুক্ত' এসোসিয়েশন হিসাবে বায়রা'র জন্য বার্ষিক চাঁদার হার ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদেয় (যা ২০২৫ হতে কার্যকর );

(৩) বায়রা'র সংবিধির **4(a)** অনুযায়ী বার্ষিক চাঁদার হার ২,০০০/- (দুই হাজার) টাকা নির্ধারণ করা আছে।

এমতাবস্থায়, বায়রা'র সম্মানিত সদস্যদের ২০২৫ সাল হতে বার্ষিক চাঁদা ২,০০০/- (দুই হাজার) টাকার স্থলে নির্ধারিত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে প্রদানের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ইতোমধ্যে যে সকল রিক্রুটিং এজেন্সী ২০২৫ সাল এবং পরবর্তী বছরের জন্য সদস্যপদ নবায়ন করা হয়েছে, তাঁদের ২০২৫ সাল হতে বকেয়া হিসেবে প্রতি বছরের জন্য ৩,০০০/- (তিন হাজার) টাকা করে অতিরিক্ত চাঁদা (বায়রা নামে পে অর্ডারের মাধ্যমে) পরিশোধ করতে হবে।

বিষয়টি অতীব জরুরী

বায়রা কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

**সংযুক্তি: ৩ পাতা বর্ণনামতে (প্রজ্ঞাপনের উদ্ধৃতাংশ)।**

**(মোঃ নজরুল ইসলাম)**
সচিব

**অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
২। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), কাকরাইল, ঢাকা।
৩। মহাপরিচালক, বাণিজ্য সংগঠন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জনাব মোঃ আশরাফ হোসেন, অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব), বিএমইটি, কাকরাইল, ঢাকা ও প্রশাসক, বায়রা।
৫। চেয়ারম্যান, বায়রা নির্বাচন বোর্ড, ঢাকা।
৬। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন-১, কারওয়ান বাজার, ঢাকা।
৭। নোটিশ বোর্ড (বায়রা, ডাটাবেজ ও BISTI)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৮। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

**BAIRA BHABAN:** 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২০, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ১৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর. ও. নং ১৪৪-আইন/২০২৫।**—বাণিজ্য সংগঠন আইন, ২০২২ (২০২২ সনের ৯ নং আইন) এর ধারা ৩০ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ বাণিজ্য সংগঠন আইন, ২০২২ (২০২২ সনের ৯ নং আইন);

(খ) **"আপিল বোর্ড"** অর্থ বিধি ২০ এর অধীন গঠিত নির্বাচন আপিল বোর্ড;

(গ) **"এসোসিয়েশন"** অর্থ আইনের ধারা ৩ এর উপ-ধারা (২) এর দফা (ঘ)-তে বর্ণিত সমিতি;

(ঘ) **"গ্রুপ"** অর্থ আইনের ধারা ৩ এর উপ-ধারা (২) এর দফা (ছ)-তে বর্ণিত কোনো গ্রুপ;

(ঙ) **"চেম্বার"** অর্থ আইনের ধারা ৩ এর উপ-ধারা (২) এর দফা (খ), (গ), (ঙ), (জ), (ঝ) ও (ঞ)-তে বর্ণিত কোনো চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;

(চ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

১২। **ট্রেড লাইসেন্স, ইত্যাদি দাখিল।**—(১) ফেডারেশন ব্যতীত অন্য কোনো বাণিজ্য সংগঠনের সদস্য হইবার জন্য আবেদনকারী কর্তৃক ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর রিটার্ন সার্টিফিকেট বা, ক্ষেত্রমত, রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র দাখিল করিতে হইবে এবং পরবর্তীতে প্রতি বৎসর ৩০ এপ্রিল তারিখের মধ্যে নবায়নকৃত ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর রিটার্ন সার্টিফিকেট অথবা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত কোনো দালিলাদি দাখিলে বিলম্ব হইলে যুক্তিসংগত কারণ প্রদর্শনপূর্বক নির্বাহী কমিটি বা, ক্ষেত্রমত, প্রশাসকের নিকট সময় বৃদ্ধির আবেদন করা যাইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন অনধিক ২ (দুই) মাস পর্যন্ত সময় বৃদ্ধি করা যাইবে, তবে, উক্তরূপে কোনো সময় বৃদ্ধি করা না হইলে সদস্য পদ বাতিল হইবে।

(৪) ফেডারেশনের ক্ষেত্রে, উহার অধিভুক্ত বাণিজ্য সংগঠন ফেডারেশনের সাধারণ পরিষদে প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে উক্ত প্রতিনিধিগণের তালিকা প্রেরণ করিবে এবং তাহাদের নিজ নিজ হালনাগাদ ট্রেড লাইসেন্সের এবং হালনাগাদ আয়কর রিটার্ন সার্টিফিকেট বা আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্রের অনুলিপি ফেডারেশনের নির্বাহী কমিটির নির্দেশ মোতাবেক দাখিল করিবে।

১৩। **বাণিজ্য সংগঠনের অধিভুক্তি।**—(১) লাইসেন্স প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে—

(ক) সকল চেম্বার ও এসোসিয়েশন ফেডারেশনের সংঘবিধি ও সংঘস্মারকের বিধান অনুসারে, ফেডারেশনের সহিত; এবং

(খ) শহর সমিতি ও গ্রুপ, সংশ্লিষ্ট জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সংঘবিধি অনুসারে উক্ত চেম্বারের সহিত, অধিভুক্তির জন্য আবেদন করিবে।

(২) নির্ধারিত সময়ের মধ্যে বাণিজ্য সংগঠনের অধিভুক্তির জন্য আবেদন করা না হইলে উক্ত বাণিজ্য সংগঠনের লাইসেন্স বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১)-এর অধীন অধিভুক্তির জন্য কোনো বাণিজ্য সংগঠন আবেদন করিলে উক্ত আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে ফেডারেশন বা, ক্ষেত্রমত, উক্ত জেলা চেম্বার আবেদনকারী সংগঠনকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া-

(ক) অধিভুক্তি মঞ্জুর করিবে; অথবা

(খ) লিখিতভাবে কারণ উল্লেখপূর্বক আবেদন না-মঞ্জুর করিয়া বিষয়টি উক্ত সংগঠনকে অবহিত করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আবেদন না-মঞ্জুর করা হইলে আবেদনকারী বাণিজ্য সংগঠন না-মঞ্জুর আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মহাপরিচালকের নিকট **তফসিলে উল্লিখিত ফি** প্রদানপূর্বক **ফরম-ছ** অনুসারে আপিল করিতে পারিবে।

(৫) এই বিধি অনুসারে অধিভুক্ত হইলে সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন ফেডারেশন বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সদস্য হইবে এবং ফেডারেশন বা উক্ত চেম্বারের সংঘবিধি ও অন্যান্য নিয়মাবলি পরিপালন করিবে।

১৪। **বাণিজ্য সংগঠনের শ্রেণিবিন্যাস, চাঁদার হার, ইত্যাদি নির্ধারণ।**—(১) আইনের ধারা ১১ এর উদ্দেশ্যপূরণকল্পে, সরকার সকল চেম্বার ও এসোসিয়েশনকে নিম্নবর্ণিত দুইটি শ্রেণিতে বিভক্ত করিবে, যথা:—

(ক) ক শ্রেণি- যেক্ষেত্রে বাণিজ্য সংগঠনের সদস্য সংখ্যা ৫০০ (পাঁচশত) বা ততোধিক; এবং

(খ) খ শ্রেণি- যেক্ষেত্রে বাণিজ্য সংগঠনের সদস্য সংখ্যা ৫০০ (পাঁচশত) এর কম:

তবে শর্ত থাকে যে, কোনো বাণিজ্য সংগঠনের সদস্য সংখ্যা ৫০০ (পাঁচশত) বা ততোধিক হইলেও উহা খ শ্রেণির জন্য প্রযোজ্য ভর্তি ফি এবং বার্ষিক চাঁদার হার নির্ধারণ করিলে উহা খ শ্রেণি হিসাবে গণ্য হইবে এবং কোনো বাণিজ্য সংগঠনের সদস্য সংখ্যা ৫০০ (পাঁচশত) এর কম হইলেও বিনিয়োগের পরিমাণ, কর্মসংস্থান, প্রদত্ত রাজস্ব, জাতীয় অর্থনীতিতে অবদান, সংশ্লিষ্ট অঞ্চল বা খাতের ব্যবসা, শিল্প, বাণিজ্য ও সেবাখাতের তুলনামূলক গুরুত্ব, উহার স্থায়ী দপ্তর, সম্পদের পরিমাণ, আয়-ব্যয়ের পরিমাণ ও তথ্যপ্রযুক্তি ব্যবহারের সক্ষমতা ইত্যাদি মহাপরিচালক কর্তৃক পর্যালোচনা এবং অনুমোদন সাপেক্ষে উহাকে ক শ্রেণির বাণিজ্য সংগঠন হিসাবে তালিকাভুক্ত করা যাইবে।

(২) বিদ্যমান ক শ্রেণিভুক্ত বাণিজ্যসংগঠনসমূহ মহাপরিচালক কর্তৃক ভিন্নরূপ কোনো নির্দেশনা প্রদান না করা পর্যন্ত উহা অব্যাহত থাকিবে।

(৩) প্রত্যেক বাণিজ্য সংগঠনের সদস্যগণ নিম্নবর্ণিত হারে ন্যূনতম এককালীন ভর্তি ফিসহ বার্ষিক চাঁদা প্রদান করিবে, যথা:—

| সদস্য | এককালিন ভর্তি ফি | | সদস্য | |
|---|---|---|---|---|
| | ক-শ্রেণি | খ-শ্রেণি | ক-শ্রেণি | খ-শ্রেণি |
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| সাধারণ সদস্য | ১৫,০০০ | ১০,০০০ | ৫,০০০ | ৩,০০০ |
| এসোসিয়েট সদস্য | ১৫,০০০ | ১০,০০০ | ৫,০০০ | ৩,০০০ |
| টাউন এসোসিয়েশন | ২০,০০০ | ১০,০০০ | ৫,০০০ | ৩,০০০ |
| গ্রুপ | ১০,০০০ | ৫,০০০ | ১০,০০০ | ৫,০০০ |

(৪) প্রত্যেক শ্রেণির বাণিজ্য সংগঠন নিম্নবর্ণিত হারে ফেডারেশনকে এককালীন ভর্তি ফিসহ বার্ষিক চাঁদা প্রদান করিবে, যথা:—

| বাণিজ্য সংগঠনের শ্রেণি | এককালীন অধিভুক্তি ফি | | বার্ষিক চাঁদা | |
|---|---|---|---|---|
| | চেম্বার | এসোসিয়েশন | চেম্বার | এসোসিয়েশন |
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| ক-শ্রেণি | ৫,০০,০০০ | ৪,০০,০০০ | ১,০০,০০০ | ৭৫,০০০ |
| খ-শ্রেণি | ৩,০০,০০০ | ২,০০,০০০ | ৭৫,০০০ | ৬০,০০০ |
| সহযোগী সদস্য সংগঠন | ২,০০,০০০ | - | ২,০০,০০০ | - |